

## মাননীয় প্রশাসক মহোদয়ের জীবন বৃত্তান্ত



জনাব মোঃ শাহজাহান মিয়া  
মাননীয় প্রশাসক  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

জনাব মোঃ শাহজাহান মিয়া, ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক পদে যোগদান করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে তিনি নিজ দায়িত্বের অতিরিক্ত এ দায়িত্ব পালন করছেন। এরপূর্বে তিনি বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ৩০ মে ২০১০ খ্রি. তারিখ থেকে ০৬ আগস্ট ২০২৪ পর্যন্ত দুই মেয়াদে ফরিদপুর পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।

বিসিএস প্রশাসন কাডারের ১৫তম ব্যাচের কর্মকর্তা হিসেবে জনাব মোঃ শাহজাহান মিয়া ১৯৯৫ সালের ১৫ নভেম্বর বাংলাদেশ সিভিল সার্ভিস এ যোগদান করেন। তিনি সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এ কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি সহকারী কমিশনার (ভূমি) হিসেবে উপজেলা ভূমি অফিস মেহেন্দিগঞ্জ, বরিশাল এবং উপজেলা ভূমি অফিস লালমোহন, ভোলা এ কর্মরত ছিলেন। পরবর্তীতে, জনাব শাহজাহান নেজারত ডেপুটি কালেক্টর হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিবের একান্ত সচিব এর দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ শাহজাহান মিয়া ১৯৮৫ সালে এসএসসি এবং ১৯৮৭ সালে এইচএসসি পাস করেন। তিনি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগ হতে তিনি বিএসসি ডিগ্রি এবং প্রথম শ্রেণিতে এমএসসি ডিগ্রি লাভ করেন। পরবর্তীতে, তিনি বাংলাদেশ

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ হতে প্রথম শ্রেণি অর্জনপূর্বক স্নাতকোত্তর সম্পন্ন করেন। জনাব শাহজাহান অস্ট্রেলিয়ার বিখ্যাত ম্যাককোয়ারি ইউনিভার্সিটি থেকে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া, তিনি ভারতের সেন্টার ফর গুড গভারনেন্স থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন।

পেশাগত কাজে দক্ষতা অর্জনের লক্ষ্যে জনাব মোঃ শাহজাহান মিয়া সেমিনার, সভা ও বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণের জন্য চীন, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, মঞ্জোলিয়া, ভারতসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন। তিনি পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং তিন পুত্র সন্তানের জনক।